DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:29 AM

রাজনীতি

# জবাবদিহিমূলক ঢাকা গড়ার প্রত্যয় সেলিম উদ্দিনের

**প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক**
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১১ আগস্ট ২০২৬, ০১:০৩ PM




ছবি: সংগৃহীত

জবাবদিহিতামূলক আধুনিক ঢাকা উত্তর সিটি করপোরেশন বিনির্মাণে ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন ঢাকা মহানগরী উত্তর জামায়াতের আমির এবং ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদপ্রার্থী মোহাম্মদ সেলিম উদ্দিন। তিনি বলেন, নগরবাসীর প্রত্যাশা পূরণে নাগরিকদের মতামতকে গুরুত্ব দিয়ে একটি নিরাপদ, পরিচ্ছন্ন, আধুনিক ও জনবান্ধব নগরব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন।

সোমবার (১০ আগস্ট) রাজধানীর ভাষানটেক থানায় বিশিষ্ট নাগরিক, আলেম-ওলামা, শিক্ষাবিদ, ব্যবসায়ী, পেশাজীবী, কৃষিবিদ, সাংবাদিক ও সুধীজনদের অংশগ্রহণে সুধী সমাবেশ ও মতবিনিময় সভায় তিনি একথা বলেন।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- ঢাকা মহানগরী উত্তর জামায়াতের সহকারী সেক্রেটারি মোহাম্মদ ইয়াছিন আরাফাত এবং বিশিষ্ট আলেমে দ্বীন মাওলানা আলী হাসান ওসামা। এছাড়াও উপস্থিত ছিলেন ১৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর পদপ্রার্থী মোহাম্মদ আনোয়ার

হোসেন।

ভাষানটেক থানা জামায়াতের আমির ডা. মো. আহসান হাবীবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ভাষানটেক থানা নায়েবে আমির মো. আব্দুর রহিম, থানা সেক্রেটারি মোহাম্মদ ইকবাল হোসেন খানসহ থানা শূরা ও কর্মপরিষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন মেজর (অব.) সাইফুল ইসলাম, মেজর (অব.) রিয়াজ হোসেন, মেজর (অব.) মোহাম্মদ জিল্লাল হোসেন, কমান্ডার সিদ্দিকুর রহমান এবং বিশিষ্ট কৃষিবিদ ডক্টর আব্দুল মান্নান, হাজি সিদ্দিক আহমেদ প্রমুখ।

সুধী সমাবেশে ভাষানটেক থানার বিভিন্ন শ্রেণি-পেশার বিশিষ্ট ব্যক্তিবর্গ, আলেম-ওলামা, শিক্ষাবিদ, ব্যবসায়ী, পেশাজীবী, সাংবাদিক, বিশিষ্ট নাগরিক ও সুধীজন অংশগ্রহণ করেন।

মতবিনিময় সভায় ভাষানটেক এলাকার বিভিন্ন সমস্যা, নাগরিক সুযোগ-সুবিধা, জনকল্যাণ, শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা ও সার্বিক উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত সুধীজনরা এলাকার সমস্যা ও সম্ভাবনার কথা তুলে ধরেন এবং একটি উন্নত ও বাসযোগ্য নগরী গড়ে তুলতে বিভিন্ন পরামর্শ প্রদান করেন, অনুষ্ঠানে মেয়র পদপ্রার্থী মোহাম্মদ সেলিম উদ্দিনের বিভিন্ন সামাজিক কাজের একটি ডকুমেন্টারি কি করা প্রদর্শন করানো হয়।

বক্তারা বলেন, একটি সুন্দর, নিরাপদ, আধুনিক ও জনবান্ধব সমাজ গড়ে তুলতে রাজনৈতিক ও সামাজিক নেতৃত্বের পাশাপাশি সর্বস্তরের নাগরিকদের সম্মিলিত ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনগণের সঙ্গে নিয়মিত মতবিনিময়, জবাবদিহিতা ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে এলাকার মানুষের প্রত্যাশা পূরণে কার্যকর উদ্যোগ গ্রহণের ওপর তারা গুরুত্বারোপ করেন।

---

## এ বিভাগের আরও খবর




**৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেন হাসিনা**

চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বিগত সরকারের সময় দেশের ৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেওয়া হয়েছিল। স্বৈরাচারী সরকার...




### বিদ্যুৎ ও জ্বালানি সংকট, বিশেষ অধিবেশন চেয়ে রাষ্ট্রপতিকে বিরোধীদলীয় নেতার চিঠি

দেশে চলমান তীব্র বিদ্যুৎ ও জ্বালানি সংকটসহ সার্বিক আর্থ-সামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধে জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আহ্বানের অনুরো...



### বিএনপির স্থায়ী কমিটিতে চমক, রিজভী-আমানসহ নতুন দায়িত্বে ৪ নেতা

দলের সাংগঠনিক গতিশীলতা বাড়াতে বিএনপির জাতীয় স্থায়ী কমিটিতে চার নেতাকে সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) বিএনপির সহ-দফতর সম্পাদ...



### গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর ছিলেন খালেদা জিয়া: মির্জা ফখরুল

বিএনপির সদ্য সাবেক মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর খালেদা জিয়া। তিনি বাংলাদেশের ভাগ্যের সঙ্গে জড়িয়...

Copyright Dhaka Probe